

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪৬৫

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - চুল আঁচড়ানো

আরবী

وَعَنْ كَرِيمَةَ بِنْتِ هَمَّامٍ: أَنَّ امْرَأَةً سَأَلَتْ عائشةَ عَنْ خِضَابِ الْحِنَّاءِ فَقَالَتْ: لَا بَأْسَ وَلَكِنِّي أَكْرَهُهُ كَانَ حَبِيبِي يَكْرَهُ رِيحَهُ. رَوَاهُ أَبُو دَاؤُد وَالنَّسَائِيِّ

বাংলা

88৬৫-[89] কারীমাহ্ বিনতু হুমাম (রহঃ) হতে বর্ণিত। একদিন জনৈকা মহিলা মেহেদী দ্বারা (খিযাব) 'আয়িশাহ্ (রাঃ)-কে জিজ্ঞেস করল। উত্তরে তিনি বললেনঃ তা ব্যবহারে কোন দোষ নেই, তবে আমি ব্যক্তিগতভাবে তা ব্যবহারকে পছন্দ করি না। কেননা আমার প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার গন্ধ পছন্দ করতেন না। (আবূ দাউদ ও নাসায়ী)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৪১৬৪, নাসায়ী ৫০৯০, য'ঈফ সুনানুন্ নাসায়ী ৩৭৯, শু'আবুল ঈমান ৬৪১৯, মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাকী ২৯৬৭,

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে 'কারীমাহ্ বিনতু হুমাম'', তার এ হাদীসটি য'ঈফ। দেখুন- শার্হ্ সুনান আবৃ দাউদ, আবুল মুহসিন 'আববাদ ১/২ পৃঃ।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (لَا بَأْسِ) অসুবিধা নেই। কেননা মেহেদী বৈধ। এতে কোন দ্বিমত নেই।

وَلَكِنِّي أَكْرَهُهُ) তবে আমি তা অপছন্দ করি। এটা ছিল 'আয়িশাহ্ (রাঃ)-এর ব্যক্তিগত অপছন্দ। শার'ঈ কোন কারণে নয়। অপছন্দের কারণিট তিনি পরবর্তীতে উল্লেখ করে দিয়েছেন।

(کَانَ حَبِیبی یَکْرَهٔ ریصَهٔ) আমার বন্ধু তার গন্ধ অপছন্দ করতেন। তথা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম



মেহেদীর গন্ধ অপছন্দ করতেন বলে 'আয়িশাহ্ (রাঃ) তা অপছন্দ করতেন।

পরবর্তী হাদীসে আমরা দেখব যে, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মেয়েদের হাতে মেহেদী লাগানোকে অপছন্দ করতেন না। বরং না লাগানোকেই অপছন্দ করতেন। তাই এখানে অপছন্দ করতেন বলতে মেয়েদের জন্য মাথায় মেহেদী লাগিয়ে রাখাকে অপছন্দ করতেন। তাই ইমাম আবূ দাউদ (রহিমাহুল্লাহ) বলেন, 'আয়িশাহ্ (রাঃ) এ কথার দ্বারা মাথার চুলের খিযাব করা উদ্দেশ্য নিয়েছেন'। ('আওনুল মা'বুদ ৭ম খন্ড, হাঃ ৪১৬০)

উল্লেখ্য যে, মেহেদীকে সুগন্ধি বস্তু হিসেবে উল্লেখ করা হয়। তবে ইমাম শাফিন্ট (রহিমাহুল্লাহ) এ হাদীসের আলোকে বলেনঃ মেহেদী সুগন্ধি বস্তু নয়। কেননা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সুগন্ধি পছন্দ করতেন। এখানে এই সম্ভাবনা রয়েছে যে, এটি বিশেষ কোন প্রকারের মেহেদী ছিল। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হয়ত এই প্রকারটিকেই অপছন্দ করতেন। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ কারীমাহ বিনতু হাম্মাম (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন